14


# দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN. ২৯ 1999 ...
পৃঃ ১ কলাম ৫


## সরকার মাদ্রাসা বন্ধের ষড়যন্ত্র থেকে বিরত না হলে ঢাকা অবরোধ

—শায়খুল হাদীস আজিজুল হক

প্রেস বিজ্ঞপ্তি : গত রবিবার ফরিদপুর, চকবাজার, জনতা ব্যাংকের মোড়ে পবিত্র কোরআন শরীফের অবমাননা, মাদ্রাসা শিক্ষা বন্ধের ষড়যন্ত্র এবং আলেম-উলামা, মাদ্রাসা শিক্ষক-ছাত্রদের গ্রেফতার ও হয়রানির প্রতিবাদে উলামা মাশায়েখদের আহবানে এক বিশাল সমাবেশ অনুষ্ঠিত হয়। মুফতী মাওঃ আব্দুল কাদের সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন শায়খুল হাদীস আল্লামা আজিজুল হক। বিশেষ অতিথি ছিলেন; মাওঃ আব্দুল মান্নান, মাওঃ আব্দুল জব্বার, মাওঃ ওমর আহমেদ। আল্লামা আজিজুল হক বলেন, এদেশে আবির্ভূত বিদেশী বিধর্মী এনজিওগুলো দ্বীনের মত


১১-এর পৃঃ ২-এর কঃ দেখুন


## শায়খুল হাদীস


প্রথম পৃষ্ঠার পর


সরকারের কাঁধে ভর করেছে। আর এ তাঁবেদার সরকার, তাদের ইশারায়-ইঙ্গিতে এদেশের মাদ্রাসাগুলোকে একের পর এক বন্ধ করে দিচ্ছে। মাদ্রাসা ও ছাত্র-শিক্ষকদের বিনা অপরাধে জেল হাজতে রেখে রিমান্ডে নিয়ে নির্দয়, নিষ্ঠুর ও নির্মমভাবে অন্যায়-অত্যাচার, অবিচার চালাচ্ছে। তিনি সরকারকে হুঁশিয়ার করে বলেন, সরকার যদি ভ্রান্ত পথ এবং মাদ্রাসা বন্ধের ষড়যন্ত্র থেকে বিরত না থাকে, তাহলে অচিরেই দেশের তৌহিদী জনতা নিয়ে ঢাকা অবরোধ করে উলামা-মাশায়েখদের দ্বারা ইসলামী জাতীয় সংসদ গঠন করা হবে এবং এনজিওদের এদেশ থেকে বের করে দেয়া হবে ইনশাল্লাহ। ফরিদপুরের কৃতী সন্তান মুফতী মোঃ শহিদুল ইসলাম তার এই মাটিতে একটা অত্যাধুনিক হাসপাতাল তৈরী করতে চেয়েছিল, কিন্তু অথর্ব দুর্বল ও দুর্নীতিবাজ সরকারের কালো থাবায় সেই হাসপাতাল তৈরী বন্ধ হয়ে গেছে। তিনি বলেন, আহমেদ ছাদেকের মাধ্যমে কোটি কোটি টাকা এসে এদেশের অর্থনীতিকে চাঙ্গা করে তুলছিল। সেটাও এই বোকা সরকার বন্ধ করে দিয়েছে। মাওলানা আব্দুল জব্বার সাহেব বলেন, আমরা স্বাধীন দেশের মানুষ, আমাদের ভোটে নির্বাচিত সরকার, অথচ আমাদের কথা না শুনে তিনি এনজিওদের কথা শোনেন, ভারতের কথা শোনেন, বিল ক্লিনটন-এর কথা শোনেন। অতএব যে সরকার ভিন্ন দেশের প্রভুদের কথামত চলে, সে পুতুল সরকারের ক্ষমতায় থাকার কোন অধিকার নেই।

সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, মাওঃ নিজাম উদ্দিন, মাওঃ আবু জাফর কাসেমী, মাওঃ ফারুক আজিজ প্রমুখ। সমাবেশ শেষে বিরাট এক মিছিল শহরের বিভিন্ন পথ প্রদক্ষিণ করে।